গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২১-২৮ তারিখ: ১৯ মাঘ, ১৪২৯ / ০২ ফেব্রুয়ারি, ২০২৩

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে "ব্যাংক হিসাবে" প্রেরণের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য MIS Software- এ এন্ট্রিকরণ/সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT -এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিছু মাদ্রাসা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত MIS-এ যথাসময়ে এন্ট্রি না করায়/এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল [শিক্ষার্থীর নাম,পিতা/মাতার নাম, পরীক্ষার নাম ও সাল, রেজিস্ট্রেশন নম্বর, বৃত্তির ধরণ (ট্যালেন্টপুল/সাধারণ) হিসাবের নাম ও হিসাব নম্বর (১৩ অথবা ১৭ ডিজিটের), ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর,অধ্যয়নরত প্রতিষ্ঠানের তথ্য থাকায় বিভিন্ন অর্থ বছরের কিছু শিক্ষার্থীর বৃত্তির অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রেরণ সম্ভব হয়নি।

এমতাবস্থায়, বিভিন্ন অর্থ বছরের (বৃত্তির মেয়াদ থাকা সাপেক্ষে) বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি কিংবা ভুল এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি তাদের তথ্য আগামী **১৫/০২/২০২৩ খ্রি. তারিখের** মধ্যে BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত MIS-এ এন্ট্রি/ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসার প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। পাঠ বিরতি রয়েছে এরুপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে /১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৪। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS- এ তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের নামের স্থলে উভয়ের নামই এন্ট্রি করতে হবে;
০৫। শিক্ষার্থীর একক/যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব প্রদান করা যাবে না;
০৬। শিক্ষার্থীর পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও জন্মসনদ/জন্মনিবন্ধনের নাম এবং অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৭। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৮। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের/মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর প্রদান না করা;
০৯। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
১১। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১২। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১৩। তথ্য এন্ট্রি দেয়া/সংশোধনের শেষ **সময় ১৫/০২/২০২৩ খ্রি. পর্যন্ত ।**

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ:

HSP & Scholarship MIS এর URL (লিংক): http://103.48.16.5/DME-MIS/login

02/02/2023

মোহাম্মদ শামসুজ্জামান
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৪১০৩০১৬৪
ddfinancedme@gmail.com

বিতরণ:
১। অধ্যক্ষ.......সরকারি মাদ্রাসা-ই-আলিয়া,ঢাকা/
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা,সিলেট/
সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া।
২। অধ্যক্ষ/সুপার –সকল এমপিওভুক্ত ও ননএমপিওভুক্ত মাদ্রাসা

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২১- তারিখ: ১৯ মাঘ, ১৪২৯ / ০২ ফেব্রুয়ারি, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ,ঢাকা।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার,ঢাকা।

৪। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৫। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত নিয়মিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P (EFT) পদ্ধতিতে "ব্যাংক হিসাবে" প্রেরণের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য MIS Software- এ এন্ট্রিকরণ/সংশোধন প্রসঙ্গে- শিরোনামে আদেশটি মাশিঅ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। জেলা শিক্ষা অফিসার (সকল)[তাঁর অধিক্ষেত্রের সকল মাদ্রাসাকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ]

৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [তাঁর অধিক্ষেত্রের সকল মাদ্রাসাকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ]

৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

02/02/2026

মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৪১০৩০৮৯৩
adfinance.dme@gmail.com